95

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...12 FEB 1994 ...
পৃষ্ঠা ৪ কলাম ৩ ...

# ডোনেশন না শিক্ষা ?

প্রচারটি সত্য না মিথ্যা, দেশবাসী লক্ষ্য করেছেন কি? টেলিভিশন ও রেডিওর মাধ্যমে প্রায় প্রত্যেক দিনই প্রচার করা হচ্ছে যে, "সবার জন্য শিক্ষা" কিন্তু যখন শিক্ষালাভের উদ্দেশ্যে ছেলে বা মেয়েকে নিয়ে যাওয়া হয় এবং পরীক্ষায় ছেলে বা মেয়ে সুন্দরভাবে টিকেও যায় তখন তার অভিভাবকের কাছ থেকে মোটা অংকের ডোনেশন দাবি করা হয়। যেমন, শাহিন স্কুল ও আইডিয়াল স্কুল। শাহিন স্কুলে ৪৫,০০০/- টাকা। অন্যান্য স্কুলে ১০ থেকে ২০ হাজার টাকা। এই অংকের টাকা না দিলে ছাত্র বা ছাত্রী যতই টেলেন্টেড হোক না কেন, ভর্তি হতে পারবে না। যে দেশের ৯৫ শতাংশ মানুষ গরিব, দিন আনে দিন খায় তাদের ছেলেমেয়েদের শিক্ষার ব্যাপারে শিক্ষামন্ত্রী সাহেব কি বলেন জনগণ জানতে চায়। সরকারকে বলতে চাই যে, সবার জন্য শিক্ষার সত্যিকারের বন্দোবস্ত করুন। আর ডোনেশন নামক ঘুষ বন্ধ করুন।

সৈয়দ রশিদ আহম্মদ জৌনপুরী
খতিব মসজিদ বাইতুর রাহিম
পূর্ব মনিপুর, মিরপুর, ঢাকা।